যুগান্তর

তারিখ . 24. MAR. 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৮ ...

# বিএসএমএমইউ'র নয়া ভিসি কামরুল হাসান খান

যুগান্তর রিপোর্ট

সব জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) ভিসি হিসেবে নিয়োগ পেতে যাচ্ছেন বিশ্ববিদ্যালয়ের প্যাথলজি বিভাগের অধ্যাপক ও পেশাজীবী সমন্বয় পরিষদের মহাসচিব বিএমএ নেতা ডা. কামরুল হাসান খান। বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের নির্দেশক্রমে বিএসএমএমইউ'র ভিসি হিসেবে আগামী ৩ বছরের জন্য নিয়োগ পেতে যাচ্ছেন তিনি। স্বাস্থ্য মন্ত্রণালয়ের একটি নির্ভরযোগ্য সূত্র বিষয়টি নিশ্চিত করেছে। সোমবার বিকাল ৫টা নাগাদ এ সম্পর্কিত ফাইল সচিবালয়ে আসে। আজ মঙ্গলবার এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হবে।

তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় নবনিযুক্ত ভিসি অধ্যাপক ডা. কামরুল হাসান খান যুগান্তরকে বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবের নামে যে মেডিকেল বিশ্ববিদ্যালয়, তার ভিসির দায়িত্ব খুবই গুরুত্বপূর্ণ। বঙ্গবন্ধু যেমন

কামরুল : পৃষ্ঠা ৭ : কলাম ৪

## কামরুল : ভিসি

(৩য় পৃষ্ঠার পর)

দেশের জন্য জীবন দিয়ে গেছেন, তেমনি তার নামের প্রতিষ্ঠানের সম্মান বৃদ্ধির লক্ষ্যে আপ্রাণ চেষ্টা করব। যাতে মেডিকেল শিক্ষা আন্তর্জাতিক মানের হয় এবং সব ধরনের রোগী সহজে উন্নত চিকিৎসা পায়। দেশের একমাত্র মেডিকেল বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) ভিসি পদে অধ্যাপক ডা. প্রাণগোপাল দত্তের মেয়াদ পূর্ণ হবে আজ। ২০০৯ সালের ২৫ মার্চ অধ্যাপক ডা. প্রাণগোপাল দত্তকে বিএসএমএমইউ'র ভিসি হিসেবে ৩ বছরের জন্য নিয়োগ দেয়া হয়। পরবর্তীতে তার মেয়াদ পুনরায় ৩ বছর বাড়ানো হয়। বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী দুই মেয়াদের বেশি কেউ এ পদে থাকতে পারবেন না। বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় আইনে (১৯৯৮ সালের ১নং আইন) প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি ও চ্যান্সেলর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অনুমোদনক্রমে এই মেয়াদ বৃদ্ধি করেন।

অধ্যাপক প্রাণগোপাল দত্তের মেয়াদ পূর্ণ হওয়ার অনেক আগে থেকেই বিশ্ববিদ্যালয়ের ভেতরের ও বাইরের বেশ কিছু অধ্যাপক এই পদ পেতে সরকারের উচ্চমহলে দৌড়ঝাঁপ শুরু করে। দৌড়ঝাঁপে যারা এগিয়ে ছিলেন তাদের কেউ অবশ্য এই পদে মনোনীত হননি।

নতুন মেয়াদে ভিসি নিয়োগ প্রসঙ্গে বিএসএমএমইউর প্রক্টর অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন যুগান্তরকে বলেন, মহামান্য রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী গুরুত্বপূর্ণ এই পদে যাকে মনোনীত করবেন বিএসএমএমইউ'র সব কর্মকর্তা-কর্মচারী তার নেতৃত্বেই কাজ করবে। তিনি নতুন ভিসির সার্বিক মঙ্গল কামনা করেন।

তিনি ১৯৫৫ সালে টাঙ্গাইল জেলার ঘাটাইল উপজেলার এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের (বিএমএ) সহ-সভাপতি এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করছেন। ডা. কামরুল ২০০৪ সালে দেশের সব প্রগতিশীল পেশাজীবী ও পেশাজীবী সংগঠনকে ঐক্যবদ্ধ করে পেশাজীবী সমন্বয় পরিষদ গঠন করেন। তিনি এ পর্যন্ত প্রায় ৪০টি আন্তর্জাতিক সম্মেলনে অংশগ্রহণ করেছেন। তার স্ত্রী অধ্যাপক ডা. মাসুদা বেগম বিএসএমএমইউ'র হেমাটোলজি বিভাগে কর্মরত আছেন।